

Md. Shahriar Alam, MP
State Minister
মোঃ শাহরিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী



MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আমি এ মহান নেতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানাই। জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে দেশে-বিদেশে বছরব্যাপী 'মুজিববর্ষ' পালন করা হবে, যা আমাদের জাতীয় জীবনের একটি ঐতিহাসিক দুর্লভ আয়োজন।

বঙ্গবন্ধু এক কিংবদন্তীর নাম যিনি একটি ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত, ধর্মনিরপেক্ষ এবং সমৃদ্ধ দেশ গড়ার স্বপ্ন দেখতেন। তাঁর দূরদর্শী সাহসী ও ঐন্দ্রজালিক নেতৃত্বে আমরা পেয়েছি স্বাধীন, সার্বভৌম বাংলাদেশ। বিকাশ ঘটেছে বাঙালি জাতিসত্তার। বঙ্গবন্ধু শুধু বাঙালি জাতিরই নয়, তিনি ছিলেন বিশ্বের সকল নিপীড়িত-শোষিত-বঞ্চিত মানুষের অধিকার আদায় ও মুক্তির অগ্রনায়ক। বঙ্গবন্ধু বাঙালির অধিকারের প্রশ্নে কখনো আপোস করেননি। বাংলার সাধারণ মানুষের দেয়া উপাধি 'বঙ্গবন্ধু' ও 'বাংলাদেশ' তাই সমার্থক। বিশ্ববিখ্যাত নিউজউইক ম্যাগাজিন ১৯৭১ সালের ৫ এপ্রিল সংখ্যায় বঙ্গবন্ধুকে 'Poet of Politics' হিসেবে ভূষিত করে, যা ছিল তাঁর নেতৃত্বের প্রতি বিশ্বসম্প্রদায়ের অবিচল আস্থা ও গভীর শ্রদ্ধার প্রতিফলন। বছরব্যাপী মুজিববর্ষ পালনের মাধ্যমে জাতির পিতার আদর্শ ও অর্জন দেশের পাশাপাশি বিশ্ববাসীর কাছে তুলে ধরা সম্ভব হবে বলে আমি মনে করি। বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হয়ে বাংলাদেশ সরকার সকল নাগরিকের অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষাসহ সকল অধিকার নিশ্চিত করার মাধ্যমে উন্নত মানবাধিকার প্রতিষ্ঠায় অঙ্গীকারবদ্ধ।

বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করছে। বাংলাদেশের প্রবৃদ্ধির হার আজ ৮.১৫ শতাংশ। অর্থনৈতিক প্রবৃদ্ধির পাশাপাশি দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তন, শিশু মৃত্যুর হার কমানোসহ নানা ক্ষেত্রে বাংলাদেশ আজ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে। এই সকল কিছুই সম্ভব হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দ্রুততম সময়ের মধ্যে তৈরি করে দেয়া বিভিন্ন আইন ও নীতিমালার সঠিক বাস্তবায়নের ফলে যা হয়েছে গত দশকে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে।

বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের জন্য বিদেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাসের সকল কর্মকর্তা-কর্মচারী এবং প্রবাসী বাংলাদেশীদের অভিনন্দন জানাই। সোনার বাংলা প্রতিষ্ঠার মাধ্যমে বঙ্গবন্ধুর আদর্শ বাস্তবায়ন করতে যার যার অবস্থান থেকে আমরা আন্তরিকভাবে কাজ করে যাব- মুজিববর্ষে এই হোক আমাদের অঙ্গীকার।

আজকের এই শুভ দিনে সকল শিশু কিশোরকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। আমি নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর মানবিক মূল্যবোধ ও দেশের প্রতি অপারিসীম ভালবাসা শেখার জন্য আহ্বান জানাচ্ছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ শাহরিয়ার আলম, এমপি